অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/11/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো এম্পায়ার স্টেট এন্টারটেনমেন্ট ডাইভার্সিটি জব ট্রেনিং ডেভেলপমেন্ট ফান্ডের (EMPIRE STATE ENTERTAINMENT DIVERSITY JOB TRAINING DEVELOPMENT FUND) ঘোষণা করছেন

চাকরির প্রশিক্ষণ ও কর্মীবলের উন্নয়নের জন্য চলচ্চিত্র কর ক্রেডিটের এক শতকরা ভাগ নিয়োগ করা দেশের প্রথম এক ফান্ডে

বিনোদন শিল্প জুড়ে বৈচিত্র লালন এবং কর্মীবল প্রস্তুত করতে 1 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করবে এই ফান্ড

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো দেশের প্রথম এম্পায়ার স্টেট এন্টারটেনমেন্ট ডাইভার্সিটি জব ট্রেনিং ডেভেলপমেন্ট ফান্ডের ঘোষণা করছেন। নিউ ইয়র্ক স্টেট ফিল্ম প্রোডাকশন এবং পোস্ট-প্রোডাকশন ট্যাক্স ক্রেডিট প্রোগ্রামগুলিতে (New York State Film Production and Post-Production Tax Credit Programs) অংশগ্রহণকারী প্রোডাকশন্সগুলি তাদের ট্যাক্স ক্রেডিটগুলিতে একটি ছোট হ্রাস দেখতে পাবেন যা বিনোদন শিল্প জুড়ে চাকরির প্রশিক্ষণ এবং কর্মীবল উন্নয়নের জন্য একটি তহবিলে সরিয়ে দেওয়া হবে। তহবিলটি সেসন-শেষের বিস্তৃত ক্যাপিটাল খরচের বিলের অংশ হিসেবে পাশ করা হয়েছিল এবং প্রাথমিকভাবে প্রতি বছর 1.05 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে।

"নিউ ইয়র্কের শক্তি তার বৈচিত্র্যের মধ্যে রয়েছে এবং আমরা সর্বদা এটি উন্নত করার উপায়গুলি সন্ধান করছি", **গভর্নর কুওমো বলেন।** "এই দেশের-প্রথম কর্মসূচীটি সর্বব্যাপী বিনোদন শিল্পে পরিণত হওয়ার জন্য আমাদের নতুন উদ্দীপনা প্রদান করবে, অসাধারণ চলচ্চিত্র এবং TV প্রযোজনাগুলি চালিয়ে যাওয়ার সাথে সাথে।"

"সারা রাজ্য জুড়ে শিল্পে কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় দক্ষতা প্রদান করার জন্য কর্মীবলের বিকাশের উদ্দেশ্যে বিনিয়োগ করা জরুরি", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই কর্মসংস্থানের প্রশিক্ষণণের তহবিল এই ক্রমবর্ধমান শিল্পে চাকরির পদ পূরণের জন্য বিনোদনের ক্ষেত্রে কর্মীবল উন্নয়নের সুযোগ প্রদান করবে। আমরা চাকরির জন্য প্রশিক্ষণ উপলব্ধ করতে এবং আমাদের অর্থনীতির অগ্রগতি চালিয়ে যাওয়ার জন্য সংস্থানগুলিকে আমাদের লক্ষ্য করছি।"

এই তহবিলটি নিউ ইয়র্কের বিনোদন শিল্পের বৃদ্ধির সাথে সম্পর্কিত চাকরিগুলি নিউ ইয়র্কবাসীদের, যারা নিউ ইয়র্ক স্টেটের বৈচিত্রময় প্রকৃতির প্রতিনিধিত্ব করেন, তাদের দ্বারা যেন পূরণ করা হয়

তা নিশ্চিত করবে। আইনটি ফান্ডের জন্য প্রবিধান তৈরি এবং প্রোগ্রাম তৈরির জন্য অনুদান প্রশাসনের দায়ভার এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) উপর ন্যাস্ত করেছে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD) শিল্পে চাকরির প্রয়োজনীয়তা নির্ধারন করতে এবং প্রোগ্রামটিকে আরো বেশি কার্যকর করার উপায়গুলি নির্ধারণের জন্য চলচ্চিত্র শিল্প, শিক্ষা সম্প্রদায় এবং জনসাধারণের কাছ থেকে নিবেশ গ্রহণ করবে এবং পরামর্শ চাইবে।

নিউ ইয়র্ক স্টেট, ব্রনক্স কমিউনিটি কলেজ এবং IATSE লোকাল 52 এর মধ্যে অভূতপূর্ব কাজের প্রশিক্ষণের অংশীদারিত্বের উপর ভিত্তি করে এই আইনটি তৈরি করা হয়েছে। অক্টোবরে ঘোষিত, আগস্ট মাসে নিয়োগ শুরু হওয়ার সাথে, ব্রঙ্কস কমিউনিটি কলেজের (Bronx Community College, BCC) ফিল্ম প্রোডাকশন ট্রেনিং প্রোগ্রাম (Film Production Training Program) একটি নতুন 14-সপ্তাহের কর্মসূচী যা ইউনিয়ন বাণিজ্য কারুশিল্প যেমন সম্পত্তি, কার্পেন্ট্রি এবং বৈদ্যুতিক কাজে বছরে 100 জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ দেবে। নিউ ইয়র্ক স্টেট এই দুই বছরের প্রোগ্রামের আংশিক খরচ বহন করার জন্য BCC-কে 375,000 মার্কিন ডলার অনুদান প্রদান করেছে।

এম্পায়ার স্টেট ডেভলপমেন্টের সভাপতি, সিইও ও কমিশনার হাওয়ার্ড জেমস্কি বলেন, "সকল শিল্পের নিয়োগের প্রক্রিয়ায় নিউ ইয়র্কের বৈচিত্র্য প্রস্ফুটিত হওয়া উচিত এবং আজকের ঘোষণা প্রয়োজনীয় চাকরির প্রশিক্ষণ এবং কর্মীবলের উন্নয়নের সংস্থানগুলি সরবরাহ করতে প্রতি বছর 1 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি প্রদান করবে রাজ্যের বিনোদন শিল্পকে দেশব্যাপী বৈচিত্রের পথে তার নেতৃত্ব অবিরত রাখার জন্য।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "যদিও নিউ ইয়র্কে বিনোদনের ক্ষেত্রে সব চেয়ে বৈচিত্রপূর্ণ দর্শকদের পাওয়া যায়, তাও কৃষ্ণাঙ্গ মানুষদের প্রতিনিধিত্ব এখনো বিনোদন শিল্পে গুরুতরভাবে স্বল্প। নিউ ইয়র্কবাসীদের এমন বিনোদন ভোগ করতে সক্ষম হওয়া উচিত যা তারা যে দুনিয়ায় বাস করেন তার প্রকৃত প্রতিনিধিত্ব করে। যদিও এখনও অনেক কাজ সম্পন্ন করা বাকি, তবুও এই বিনিয়োগটি আমাদের রাজ্যের চলচ্চিত্র শিল্পে আরও বৈচিত্রময় কর্মীবল গঠনের উদ্দেশ্যে একটি অত্যন্ত প্রয়োজনীয় পদক্ষেপ।"

এনবিসি ইউনিভার্সাল ফিল্ম অ্যান্ড এন্টারটেনমেন্ট গ্রুপের (NBCUniversal Film & Entertainment Group) চেয়ারম্যান জেফ শেল বলেন, "এনবিসি ইউনিভার্সালের ক্যামেরার সামনে এবং পিছনে, উভয় স্থানেই, পরবর্তী প্রজন্মের প্রতিভা বিকাশের জন্য দীর্ঘায়িত অঙ্গিকারবদ্ধতা আছে। আমরা এই বিষয়ে তার নেতৃত্বের জন্য গভর্নর কুওমোর এবং তার প্রশাসনের মিডিয়া শিল্পে বৈচিত্র্য বৃদ্ধির বিষয়ে তাদের অব্যাহত মনোযোগের প্রশংসা করি।"

আমেরিকার মোশন পিকচার অ্যাসোসিয়েশনের (Motion Picture Association of America) চেয়ারম্যান ও সিইও চার্লস রিভকিন বলেন, "আমেরিকার মোশন পিকচার অ্যাসোসিয়েশন আমাদের শিল্পের জন্য একটি বৈচিত্র্যময় এবং সর্বব্যাপী পাইপলাইন তৈরি করার জন্য অঙ্গীকারবদ্ধ। এক বিস্তৃত পশ্চাদপটের সম্ভার থেকে আসা সৃজনশীল পেশাদারদের সমর্থন করা কেবল একটি বৈচিত্র্যময় কর্মীবলকে উন্নত করে না, বরং পর্দায় যে গল্পগুলি আমরা বলি তা যেন আমাদের সমাজ এবং দর্শকদের মধ্যে উপস্থিত বৈচিত্র্যকে প্রতিফলিত করে, তা নিশ্চিত করে। আমরা আমাদের

অংশীদারদের এবং নিউ ইয়র্ক স্টেটের সাথে এই উদ্ভাবনী, এই দেশে প্রথমবার অনুষ্ঠিত প্রোগ্রামে কাজ করার জন্য উন্মুখ, যা নিউ ইয়র্কের শিল্প বৈচিত্র্যকে পেশাগত প্রশিক্ষণ এবং কর্মীবলের উন্নয়নের জন্য নতুন তহবিলের প্রদান করার মাধ্যমে উৎসাহিত করবে।"

ইন্টারন্যাশানাল অ্যালায়ান্স অফ থিয়েট্রিকাল স্টেজ এমপ্লইজের (International Alliance of Theatrical Stage Employees, IATSE) ভাইস প্রেসিডেন্ট ও লোকাল 52 এর সভাপতি জন ফোর্ড বলেন, "লোকাল 52 নিউ ইয়র্ক স্টেট এবং ব্রঙ্কস কমিউনিটি কলেজের সাথে আমাদের প্রশিক্ষণ প্রোগ্রাম সম্পর্কে আনন্দিত। এই নতুন প্রোগ্রামগুলি ভবিষ্যতে উৎপাদন বৃদ্ধির প্রয়োজনীয়তার জন্য যোগ্য, বৈচিত্রময় কর্মীদের স্থির প্রবাহ নিশ্চিত করার উদ্দেশ্যে সহায়তা করতে পারে। গভর্নর কুওমো এবং ফিল্ম ট্যাক্স ক্রেডিটের প্রতি বিধানসভার সমর্থনকে ধন্যবাদ, শিল্প এখন আগের তুলনায় আরো ব্যস্ত।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন